

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।



স্মারক নং-স্বা,অধি./ইপিআই/ফিন্ড সার্ভিস/কোভিড-১৯/২০২১/১৩০৮

তারিখঃ ০১/০৮/২০২১ খ্রি.

বিষয়ঃ অ্যাস্ট্রাজেনেকা কোভিড-১৯ ভ্যাকসিনের ২য় ডোজ প্রদান প্রসঙ্গে।

গত ২৭ শে জানুয়ারি ২০২১ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কোভিড-১৯ ভ্যাকসিনেশন কর্মসূচি উদ্বোধন করার পর ৭ই ফেব্রুয়ারি ২০২১ দেশব্যাপী কোভিড-১৯ টিকাদান কার্যক্রম শুরু হয়। এই মহাকর্মক্ষেত্রে প্রত্যক্ষভাবে আপনাদের অসামান্য অবদান ও সহযোগিতার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন।

ইতোমধ্যে সারাদেশে ৫৮২০০৩৩ জনকে অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিনের ১ম ডোজ, ৪২৯৮০৮৬ জনকে ২য় ডোজের ভ্যাকসিন দেয়া হয়েছে। এক্ষেত্রে ১৫২১৯৪৭ জন গ্রহীতা এখনও ২য় ডোজের অপেক্ষায় আছেন। গত ২৪/০৭/২০২১ খ্রি. তারিখে আমরা অ্যাস্ট্রাজেনেকা কোভিড-১৯ ভ্যাকসিন পেয়েছি এবং উক্ত ভ্যাকসিন ইতোমধ্যে ঢাকা বিভাগের বিভিন্ন জেলায় সরবরাহ করা হয়েছে। অন্যান্য জেলা, উপজেলা ও ঢাকা শহরের সকল কেন্দ্রে অতিশীঘ্র অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিন সরবরাহ করা হবে। এক্ষেত্রে কেন্দ্রে ভ্যাকসিন পাওয়া মাত্র--

- ১। পূর্বে বাদ পড়া ২য় ডোজ অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিন গ্রহণের জন্য অপেক্ষমান গ্রহীতাদের ২য় ডোজের জন্য এসএমএস প্রদান করতে হবে।
- ২। ১ম ডোজ অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিন গ্রহণ করেছেন এবং ২য় ডোজের এসএমএস পেয়েছেন কিন্তু ভ্যাকসিন গ্রহণ করেন নাই তাদের ২য় ডোজ ভ্যাকসিন দিতে হবে।
- ৩। ভ্যাকসিনেশন কেন্দ্রে অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিনের জন্য আলাদা স্থান নির্ধারণ করে চিহ্নিত করতে হবে (ব্যানার ব্যবহার করা যেতে পারে)।
- ৪। ভ্যাকসিনেশন কেন্দ্রে সতর্কতা অবলম্বন করতে হবে যেন জুলক্রমে অন্য কোনো ভ্যাকসিন (সিনোফার্ম, মডার্না, ফাইজার) দেয়া না হয়।
- ৫। ভ্যাকসিন প্রদানের পর রিপোর্ট হালনাগাদ করতে হবে। এছাড়াও ভ্যাকসিন লজিস্টিকের তথ্য হালনাগাদ করতে হবে।

আমরা আশা করি আপনাদের আন্তরিক সহযোগিতায় আমরা অতিশীঘ্র ২য় ডোজের জন্য বাদ পড়া অ্যাস্ট্রাজেনেকা ভ্যাকসিন গ্রহীতাদের সকলের কাছে ভ্যাকসিন শৌঁছে দিতে পারব।

প্রাপক,

১. পরিচালক (স্বাস্থ্য) ও সদস্য, করোনাজাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত কমিটি; সকল বিভাগ।
২. পরিচালক/তত্ত্বাবধায়ক/উপ-পরিচালক, সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতাল/জেলা সদর হাসপাতাল/২৫০ শয্যা বিশিষ্ট অন্যান্য সরকারি হাসপাতাল (সকল)।
৩. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও সদস্য সচিব, করোনাজাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত সিটি কর্পোরেশন কমিটি; সকল সিটি কর্পোরেশন।
৪. সিভিল সার্জন ও সদস্য সচিব, করোনাজাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত জেলা কমিটি, সকল জেলা।
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সদস্য সচিব, করোনাজাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত উপজেলা কমিটি, সকল উপজেলা।

(ডা. মোঃ শামসুল হক)

পরিচালক ও লাইন ডাইরেক্টর, এমএনসিএডএইচ
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ও
সদস্য সচিব

কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবস্থাপনা টাঙ্কফোর্স কমিটি।
Email: mncah@ld.dghs.gov.bd